# ২০১৫
# GEOGRAPHY

**(নতুন পাঠ্যক্রম)**

(For Regular Candidates)

('ক' বিভাগ থেকে 'চ' বিভাগ পর্যন্ত প্রদত্ত প্রশ্ন নিয়মিত ও বহিরাগত সব পরীক্ষার্থীদের জন্য এবং 'ছ' বিভাগে প্রদত্ত প্রশ্ন শুধুমাত্র বহিরাগত পরীক্ষার্থীদের জন্যে)

(১, ২, ও ৩ নম্বর প্রশ্ন আবশ্যিক। কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীরা বিকল্প প্রশ্নের নির্দেশ অনুযায়ী উত্তর লিখবে। অন্য সকলে মানচিত্র চিহ্নিত করবে)

## বিভাগ 'ক'

**১। (ক) প্রশ্নপত্রের সঙ্গে প্রদত্ত ভারতের রেখা-মানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক ও নামসহ চিহ্নিত করে মানচিত্রটি উত্তরপত্রের সঙ্গে জুড়ে দাও :** **১ × ৫ = ৫**

**১। (ক. ১)** আরাবল্লি পর্বত,

**১। (ক. ২)** মহানদী

**১। (ক. ৩)** ভারতের একটি ল্যাটেরাইট মৃত্তিকা অঞ্চল,

**১। (ক. ৪)** দাক্ষিণাত্যের একটি কফি উৎপাদক অঞ্চল।

**১। (ক. ৫)** ভারতের একটি রেলইঞ্জিন নির্মাণ শিল্পকেন্দ্র।

**১। (খ) প্রশ্নপত্রের সঙ্গে প্রদত্ত এশিয়ার রেখা-মানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক ও নামসহ চিহ্নিত করে মানচিত্রটি উত্তরপত্রের সঙ্গে জুড়ে দাও :** **১ × ৫ = ৫**

**১। (খ. ১)** কামচাটকা উপদ্বীপ,

**১। (খ. ২)** আরল সাগর।

**১। (খ. ৩)** লেনা নদী।

**১। (খ. ৪)** তুন্দ্রা জলবায়ু অঞ্চল।

**১। (খ. ৫)** ক্রান্তীয় মৌসুমী অঞ্চলের স্বাভাবিক উদ্ভিদ।

**[শুধুমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য]**



www.sciencetips.in

**১। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :** **২ × ৫ = ১০**

**(ক)** ভারতের একটি ব-দ্বীপ সমভূমি এবং একটি উপকূলীয় সমভূমির নাম লেখো।

**(খ)** ভারতের দুটি পশ্চিমবাহিনী নদীর নাম উল্লেখ করো।

**(গ)** ভারতে দেখা যায় এমন দুটি স্থানীয় বায়ুর নাম লেখো।

**(ঘ)** ভারতে চা উৎপাদিত হয় এমন দুটি রাজ্যের নাম উল্লেখ করো।

**(ঙ)** এশিয়ার একটি আগ্নেয় দ্বীপ এবং একটি প্রবাল দ্বীপের নাম লেখো।

**(চ)** এশিয়ার দুটি উত্তরবাহিনী নদীর নাম উল্লেখ করো।

**(ছ)** এশিয়ার নিরক্ষীয় চিরহরিৎ অরণ্যের এবং সরলবর্গীয় অরণ্যের একটি করে উদ্ভিদের নাম লেখো।

**(জ)** এশিয়ার জলবায়ুকে প্রভাবিত করে এমন দুটি বায়ুর নাম উল্লেখ করো।

## বিভাগ-খ

**২। (ক), শুদ্ধ উত্তরটি চিহ্নিত করো:** **১ × ৫ = ৫**

**২। (ক.১)** একটি গ্রস্ত উপত্যকার উদাহরণ হল- সিন্ধুনদীর উপত্যকা/গোদাবরী নদীর উপত্যকা/নর্মদা নদীর উপত্যকা।

**২। (ক.২)** হিমালয়ের উচ্চ পার্বত্য অঞ্চলে পিন্ড বিশরণ/শল্ক মোচন/তুহিন খন্ডীকরণ দেখা যায়।

**২। (ক.৩)** হিমবাহের ক্ষয়ের ফলে গঠিত একটি ভূমিরূপ হল-কেটেল/ রসে মতানে/এসকার।

**২। (ক.৪)** সাধারণ অবস্থায় সমুদ্রপৃষ্ঠে আদর্শ বায়ুচাপের পরিমাণ হল প্রায় 1003 মিলিবার/1013 মিলিবার/1030 মিলিবার।

**২। (ক.৫)** ভরা কোটাল/মরা কোটাল/গৌণ জোয়ারের সময় নদীতে 'বানডাকা' হয়।

**২। (খ) নিম্নলিখিত বাক্যগুলি শুদ্ধ হলে পাশে 'শু' এবং অশুদ্ধ হলে পাশে 'অ' লেখো: ১ × ৫ = ৫**

**২। (খ.১)** বায়ুর উষ্ণতা বৃদ্ধি হলে আপেক্ষিক আর্দ্রতা বৃদ্ধি পায়।

**২। (খ.২)** গাঙ্গেয় ব-দ্বীপ অঞ্চলে অসংখ্য অশ্বক্ষুরাকৃতি হ্রদ দেখা যায়।

**২। (খ.৩)** সূর্যের আকর্ষণে গৌণ জোয়ার হয়ে থাকে।

**২। (খ.৪)** ভারতে হিমালয়ের সর্বোচ্চ শৃঙ্গ হল গডউইন অস্টিন।

**২। (খ.৫)** রৌরকেল্লাকে 'ভারতের রূঢ়' বলা হয়।



www.sciencetips.in

**৩। যে কোনো পাঁচটির উপর টীকা লেখো:** **২ × ৫ = ১০**

**(ক)** মোনাডনক্,

**(খ)** পিন্ড বিশরণ,

**(গ)** গ্রাবরোখা,

**(ঘ)** ফেরেলের সূত্র,

**(ঙ)** গৌণ জোয়ার,

**(চ)** মৃত্তিকা সংরক্ষণ,

**(ছ)** বাগিচা কৃষি,

**(জ)** হাল্কা ইঞ্জিনিয়ারিং শিল্প।

## বিভাগ-গ

**(যে কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও)**

**[দৃষ্টিহীন পরীক্ষার্থীদের ক্ষেত্রে চিত্রাঙ্কন আবশ্যিক, নয়]**

**৪। (ক)** প্লাবন ও বদ্বীপ সমভূমির উৎপত্তি উদাহরণসহ ব্যাখ্যা করো। **(খ)** স্তূপ পর্বতের তিনটি বৈশিষ্ট্য উল্লেখ করো। **(গ)** রেগোলিথ কী? **৫ + ৩ + ২ = ১০**

**৫। (ক)** নদীর ক্ষয়কার্যের ফলে গঠিত যে কোনো তিনটি ভূমিরূপের চিত্রসহ বর্ণনা দাও। **(খ)** অবঘর্ষ ক্ষয় কিভাবে হয়? **(গ)** হিমবাহ উপত্যকার আকৃতি 'U"-এর মতো-হয় কেন? **৫ + ৩ + ২ = ১০**

**৬। (ক)** কোনো স্থানের বায়ুর উষ্ণতার তারতম্যের কারণ হিসাবে উচ্চতা ও সমুদ্র থেকে দূরত্বের প্রভাব ব্যাখ্যা করো। **(খ)** বায়ুমণ্ডলে স্ট্রাটোস্ফিয়ার স্তরের অবস্থান এবং এর গুরুত্ব উল্লেখ করো। **(গ)** বায়ুচাপ কক্ষ কি? **৫ + ৩ + ২ = ১০**

**৭। (ক)** দক্ষিণ আটলান্টিক মহাসাগরের প্রধান স্রোতগুলির বর্ণনা দাও। **(খ)** কোনো স্থানে দুটি মুখ্য জোয়ারের মধ্যে সময়ের ব্যবধান ২৪ ঘণ্টা ৫২ মিনিট (প্রায়) হয় কেন? **(গ)** 'সিজিগি' কি? **৫ + ৩ + ২ = ১০**

## বিভাগ-ঘ

**(যে কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও)**

**৮। (ক)** পশ্চিম হিমালয়ের ভূপ্রকৃতির সংক্ষিপ্ত বিবরণ দাও। **(খ)** মেঘালয় মালভূমির প্রধান তিনটি ভূপ্রাকৃতিক বৈশিষ্ট্য উল্লেখ করো। **(গ)** ব্রহ্মপুত্র নদীর দুটি উপনদীর নাম লেখো। **৫ + ৩ + ২ = ১০**



www.sciencetips.in

**৯। (ক)** ভারতের মৌসুমি জলবায়ুর বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। **(খ)** সুন্দরবন অঞ্চলের মৃত্তিকা ও স্বাভাবিক উদ্ভিদের মধ্যে সম্পর্ক সংক্ষেপে লেখো। **(গ)** উত্তর ভারতের নদীর দুটি প্রধান বৈশিষ্ট্য উল্লেখ করো। **৫ + ৩ + ২ = ১০**

**১০। (ক)** ভারতে গম চাষের অনুকূল প্রাকৃতিক পরিবেশের বর্ণনা দাও। **(খ)** উত্তর ভারতের সমভূমিতে খালসেচ প্রথা বেশি দেখা যায় কেন? **(গ)** দক্ষিণ ভারতে কফি চাষের উন্নতির যে কোনো দুটি কারণ উল্লেখ করো। **৫ + ৩ + ২ = ১০**

**১১। (ক)** পূর্ব ভারতে লৌহ-ইস্পাত শিল্পের কেন্দ্রীভবনের পাঁচটি প্রধান কারণ আলোচনা করো। **(খ)** ভারতের পশ্চিমাঞ্চলে পেট্রোরসায়ন শিল্পের উন্নতির তিনটি কারণ ব্যাখ্যা করো। **(গ)** পশ্চিমবঙ্গের দুটি কার্পাস বয়ন শিল্প-কেন্দ্রের নাম লেখো। **৫ + ৩ + ২ = ১০**

## বিভাগ-ঙ

### (যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও)

**১২। (ক)** এশিয়ার দক্ষিণ বাহিনী তিনটি নদীর গতিপথ বৈশিষ্ট্য সহযোগে আলোচনা করো। **(খ)** এশিয়ার তিনটি পর্বতবেষ্টিত মালভূমির অবস্থান উল্লেখ করো। **(গ)** পশ্চিম এশিয়ায় উষ্ণ মরুভূমি সৃষ্টি হয়েছে কেন? **৫ + ৩ + ২ = ১০**

**১৩। (ক)** এশিয়ার জলবায়ুর বৈচিত্র্যের কারণগুলি সংক্ষেপে ব্যাখ্যা করো। **(খ)** ভূমধ্যসাগরীয় জলবায়ু অঞ্চলে স্বাভাবিক উদ্ভিদের অভিযোজন উল্লেখ করো। **(গ)** 'তৈগা' কি? **৫ + ৩ + ২ = ১০**

## বিভাগ-চ

### (যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও)

**১৪। (ক)** পশ্চিমবঙ্গের মালভূমি অঞ্চলের ভূ-প্রকৃতি ও নদ-নদীর সংক্ষিপ্ত বিবরণ দাও। **(খ)** পশ্চিমবঙ্গের গ্রীষ্মকালীন জলবায়ুর তিনটি বৈশিষ্ট্য উল্লেখ করো। **(গ)** 'বারেন্দ্রভূমি' কাকে বলে? **৫ + ৩ + ২ = ১০**

**১৫। (ক)** চিত্রসহ নীলনদের গতিপথ বর্ণনা করো। **(খ)** হ্রদ অঞ্চলের শিল্পোন্নতিতে সেন্ট লরেন্স নদীর গুরুত্ব বর্ণনা করো। **(গ)** নায়াগ্রা জলপ্রপাত কোন্ দুটি হ্রদের মধ্যে অবস্থিত? **৫ + ৩ + ২ = ১০**

* * *



www.sciencetips.in